যুগান্তর

তারিখ 13 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম ৫

### মাস্টার্সে ভর্তির দাবি

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সামনে শিক্ষার্থীদের বিক্ষোভ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সামনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মানববন্ধন ও বিক্ষোভ করেছে। ২০০৯-১০ শিক্ষাবর্ষে অনার্সের নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যারা এক-দুই বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের মাস্টার্স শ্রেণীতে ভর্তিসহ ৭ দফা দাবিতে এ বিক্ষোভ করা হয়। একপর্যায়ে শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তাকর্মী আনসার সদস্যদের ধাক্কাধাক্কি ও ধস্তাধস্তির ঘটনা ঘটে।

৭ দফা দাবিতে মঙ্গলবার বেলা ১১টার দিকে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের সামনে মানববন্ধন শুরু করে। সকাল থেকে দুপুর পর্যন্ত চলে এ কার্যক্রম। মানববন্ধনে তিতুমীর কলেজ, নিউ মডেল ডিগ্রি কলেজ, বেগম বদরুন্নেছা সরকারি কলেজ, ইডেন মহিলা কলেজ, ঢাকা কলেজ, সরকারি দেবেন্দ্র কলেজ মানিকগঞ্জ, নবাব সিরাজউদ্দৌলা কলেজ নাটোর, বোরহান উদ্দিন পোস্ট গ্রাজুয়েট কলেজ, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজসহ দেশের বিভিন্ন কলেজ থেকে দুই শতাধিক শিক্ষার্থী এ কর্মসূচিতে অংশ নেয়। কর্মসূচি চলাকালে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন অর রশীদ নিজ গাড়িযোগে বের হয়ে যাওয়ার সময় বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে শিক্ষার্থীরা ভিসির গাড়ি গতিরোধ করে। তারা তাদের দাবি মেনে নেয়ার জন্য স্লোগান দিতে থাকে। কেউ কেউ ভিসির গাড়ির সামনে শুয়ে পড়ে। একপর্যায়ে ভিসি গাড়ি থেকে নেমে শিক্ষার্থীদের উদ্দেশে বক্তব্য রাখেন। তিনি বলেন, বিগত তিন বছর ধরে ছাত্রদের সমস্যা সমাধানের জন্য, সেশনজট দূর করার জন্য, পরীক্ষা নির্ধারিত সময়ে অনুষ্ঠানের জন্য, ফলাফল তিন মাসের মধ্যে ঘোষণা করার জন্য দিন রাত আমরা পরিশ্রম করছি। এখন তো ফলাফলের জন্য তোমাদের অপেক্ষা করতে হয় না। শিক্ষা জীবন ঝরে যায় না। ছাত্রদের যে কোনো সমস্যা সমাধানের জন্য সর্বাত্মকভাবে সব সময় চেষ্টা করি। এর জন্য অবরোধের প্রয়োজন নেই, বসে থাকার প্রয়োজন নেই। তিনি ১৭ জানুয়ারি শিক্ষার্থীদের ৫ জন প্রতিনিধির সঙ্গে আলোচনা করে সমস্যা শুনে তা সমাধান করার কথা বলেন। কিন্তু শিক্ষার্থীরা ভিসির কথা না শুনে বিক্ষোভ করতে থাকে। শিক্ষার্থীরা মঙ্গলবারই তাদের সমস্যা সমাধানের জন্য ভিসির প্রতি দাবি জানিয়ে বিক্ষোভ অব্যাহত রাখে। একপর্যায়ে ভিসি তার গাড়িতে উঠে চলে যেতে চাইলে শিক্ষার্থীরা ফের তার গাড়িকে ঘিরে ধরে। বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার দায়িত্বরত আনসার সদস্যরা শিক্ষার্থীদের গাড়ির সামনে থেকে সরাতে গেলে উভয় পক্ষের মধ্যে ধস্তাধস্তি হয়। পরে শিক্ষার্থীরা গেটের বাইরে থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভেতরে আনসার সদস্যদের লক্ষ্য করে ঢিল ছুড়তে থাকে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। শিক্ষার্থীরা জানায়, সেশনজটের কবলে পড়ায় চার বছরের কোর্স ৬ বছর অপচয় হয়েছে। তাই হাজার হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবন, পরিবার ও ভবিষ্যৎ সময়ের কথা বিবেচনা করে মাস্টার্সে ভর্তির নিশ্চয়তা প্রত্যাশা করছে।